# NTRCA Certificate Verification Software ব্যবহার নির্দেশিকা

| | |
|---|---|
| ১. | "প্রত্যয়নপত্র যাচাই সফ্টওয়ার" নামক লিংকে ক্লিক করলে সফ্টওয়ারের Home Page ওপেন হবে এবং Welcome to NTRCA Certificate Verification System লেখা প্রদর্শিত হবে। প্রথমেই প্রার্থীর রোল এবং ব্যাচ এন্ট্রি দিয়ে Submit বাটনে ক্লিক করতে হবে। |
| ২. | নিবন্ধিত প্রার্থীর রোল নম্বর এবং ব্যাচ সঠিক হলে মেসেজ আসবে- Roll Number and Batch are Correct। যদি রোল নম্বর এবং ব্যাচের কোন একটি ভুল হয় তবে নিম্নবর্ণিত মেসেজটি আসবে- Roll and Batch are not Correct। |
| ৩. | রোল নম্বর এবং ব্যাচ সঠিক হওয়ার মেসেজ আসলে Next বাটনে ক্লিক করতে হবে। এরপর ৯টি তথ্য সমৃদ্ধ একটি ফরম আসবে। ফরমটিতে রোল এবং ব্যাচ By Default পূরণ করা থাকবে। বাকী ৭টি তথ্য আবশ্যিকভাবে ইংরেজীতে পূরণ করতে হবে। |
| ৪. | ৭টি তথ্য পূরণের সময় আবশ্যই প্রার্থীর নিবন্ধন প্রত্যয়নপত্রে উল্লিখিত সঠিক বানান অনুসরণ করতে হবে। যথা:- প্রার্থীর নাম, পিতার নাম, মাতার নাম, জন্মতারিখ, বিষয়, রেজিস্ট্রেশন নম্বর এবং ঐচ্ছিক বিষয়ে প্রাপ্ত নম্বর। |
| ৫. | ৭টি তথ্য যথাযথভাবে পূরণ করে Submit বাটনে ক্লিক করতে হবে। |
| ৬. | Submit করার পর তথ্যগুলি সঠিক হলে প্রতিটি তথ্যের বিপরীতে সবুজ কালিতে Matched শব্দটি প্রদর্শিত হবে। এরপর Report বাটনে ক্লিক করলে যাচাই প্রতিবেদনটি প্রদর্শিত হবে এবং Download বাটনে ক্লিক করলে পিডিএফ ফরমেটে যাচাই প্রতিবেদনটি প্রস্তুত হবে। এরপর প্রয়োজন অনুযায়ী প্রিন্ট করা যাবে। |
| ৭. | প্রত্যয়নপত্রটি সঠিক বলে বিবেচিত হলে নিম্নরূপভাবে প্রতিবেদন লেখা থাকবে: This is a valid NTRCA certificate with the following information. Please check again all the information with the original certificate for confirmation. |
| ৮. | প্রতিবেদনে বর্ণিত সকল তথ্যের সংগে মূল প্রত্যয়নপত্রের সংশ্লিষ্ট তথ্য পুনরায় মিলাতে হবে। অতিরিক্ত ৩টি তথ্য যথাক্রমে Post Name, Address এবং Institute Type সহ সকল তথ্য হুবহু মিলে গেলে যাচাই প্রতিবেদন মোতাবেক প্রত্যয়নপত্রটি সঠিক বলে বিবেচিত হবে। কোন তথ্যে গড়মিল থাকলে প্রত্যয়নপত্রটি অধিকতর যাচাইয়ের জন্য NTRCA অফিসে প্রেরণ করে এর সঠিকতা নিশ্চিত হতে হবে। |
| ৯. | ১ম থেকে ৫ম নিবন্ধন পরীক্ষার প্রত্যয়নপত্র উক্ত সফ্টওয়ারের মাধ্যমে যাচাই করা সম্ভব নয়। এক্ষেত্রে পূর্বের ন্যায় ম্যানুয়েল পদ্ধতিতে যাচাই করতে হবে। |
| ১০. | ৪ নং ক্রমিকে উল্লিখিত ৭টি তথ্য পূরণ এবং Submit করার পর যদি কোন এক বা একাধিক তথ্য ভুল থাকে অথবা ভুল টাইপ করা হয় তবে ঐ তথ্যের পাশে লাল কালিতে Mismatched শব্দ প্রদর্শিত হবে। ভুল টাইপের ক্ষেত্রে পুনরায় সঠিক তথ্য টাইপ করে Submit দিতে হবে। নিবন্ধন প্রত্যয়ন অনুসারে সঠিক তথ্য টাইপ করার পরও কোন তথ্যের বিপরীতে Mismatched শব্দ প্রদর্শিত হলে Report বাটনে ক্লিক করতে হবে। এরপর যাচাই প্রতিবেদন পাওয়া যাবে: This is not a valid NTRCA certificate with the given information. Please send the attested copy of the original certificate to NTRC office for confirmation. |
| ১১. | সফ্টওয়ারটি সময়ে সময়ে উন্নয়ন ও হালনাগাদ করা হবে এবং সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হবে। |
| ১২. | সফ্টওয়ার ব্যবহার সংক্রান্ত যে কোন সমস্যার বিষয়ে নিম্নস্বাক্ষরকারীর সংগে যোগাযোগ করুন। |


(কাজী কামরুল আহছান)
পরিচালক (শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান)
ইনোভেশন অফিসার,এনটিআরসিএ, ঢাকা
ফোন: ০২-৪১০৩০১২১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA)
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (৪র্থ তলা)
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০
www.ntrca.gov.bd

ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২২-২০২৩-এর ১.১.১ নং কর্মসম্পাদনসূচকে সেবা সহজিকরণ/ডিজিটাইজেশনের মাধ্যমে একটি উদ্ভাবনী ধারণা বাস্তবায়নের বিষয়টি উল্লেখ আছে। এরই প্রেক্ষিতে এনটিআরসিএ কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা অনুসারে সিটিজেন চার্টারভুক্ত একটি সেবা- শিক্ষক নিবন্ধন পরীক্ষার প্রত্যয়নপত্র যাচাই কাজ সহজ নির্ভুল এবং দ্রুততার সঙ্গে সম্পাদনের লক্ষ্যে একটি সফ্টওয়্যার প্রস্তুত করা হয়েছে। এর ফলে সেবা গ্রহীতাগণ স্বল্প সময়ে, স্বল্প ব্যয়ে তাৎক্ষনিকভাবে প্রত্যয়নপত্র যাচাই প্রতিবেদন সংগ্রহ করতে পারবেন। উল্লিখিত উদ্ভাবনী ধারণার প্রসেস ম্যাপ এবং টিসিভি বিশ্লেষণ নিম্নে প্রদত্ত হলোঃ

উদ্ভাবনের শিরোনামঃ শিক্ষক নিবন্ধন পরীক্ষার প্রত্যয়নপত্র যাচাই সফটওয়্যার প্রস্তুতকরণ। (NTRCA CERTIFICATE VERIFICATION SOFTWARE)


বিদ্যমান সমস্যার বিবরণঃ

- প্রত্যাশী প্রতিষ্ঠানকে এনটিআরসিএ বরাবর পত্র দ্বারা অনুরোধ জানাতে হয় এবং যাচাই প্রতিবেদন ও পত্র মারফত অবহিত করা হয়। এতে অনেক সময় ব্যয় হয়।
- ম্যানুয়াল পদ্ধতিতে যাচাইয়ে যাচাইয়ে কাল বিলম্ব হয় এবং ভুলের সম্ভাবনা বেশী থাকে।
- বিদ্যামান পদ্ধতিতে অনেকগুলো ধাপে যাচাই কাজে শ্রম ও সময় উভয়ই অপচয় হয়।
- জরুরী প্রয়োজনে স্বল্প সময়ে দ্রুততার সঙ্গে প্রত্যয়নপত্র যাচাই প্রতিবেদন প্রেরণ করা সম্ভব হয় না।
- সঠিক সময়ে প্রতিবেদন পাওয়া না গেলে সেবা গ্রহীতাগণ নানা ধরণের ভোগান্তিতে পড়েন।


সমাধান প্রক্রিয়ার সংক্ষিপ্ত বিবরণ:

- নিবন্ধন প্রত্যয়ন পত্র যাচাইয়ের জন্য একটি ব্যবহার বান্ধব সফ্টওয়্যার থাকবে।
- সফ্টওয়্যারের মাধ্যমে যে কোন নিবন্ধিত প্রার্থীর প্রত্যয়নপত্র স্বল্পসময়ে নির্ভুলভাবে যাচাই করা সম্ভব হবে।
- সফ্টওয়্যারে নিবন্ধন পরীক্ষার রোল, ব্যাচ সহ প্রয়োজনীয় তথ্য এন্ট্রি দিয়ে আবেদন দাখিল করতে পারবে।
- আবেদন সাবমিট করার পর ডাটাবেজ থেকে যাচাই প্রতিবেদন স্বয়ংক্রিয়ভাবে প্রস্তুত হবে।
- যাচাই প্রতিবেদন ডাউনলোড করে প্রিন্ট করার ব্যবস্থা থাকবে।

## প্রসেস ম্যাপ (উদ্ভাবনের পূর্বের অবস্থা):




## প্রসেস ম্যাপ (উদ্ভাবনের পরবর্তী অবস্থা):



**উদ্ভাবনের পূর্বের ও পরের TCV Analysis তথা (Time, Cost & Visit) এর তুলনা:**

| | উদ্ভাবনের পূর্বের পদ্ধতি | উদ্ভাবনের পরের পদ্ধতি |
|---|---|---|
| সময় (দিন/ঘন্টা) | ১০ দিন | ০৩ দিন |
| খরচ (নাগরিক ও অফিসের) | ১০০/= | ১০০/= |
| যাতায়াত | নেই | নেই |
| ধাপ | ০৭ টি | ০৪ টি |
| জনবল | ১০ জন | ০৫ জন |

শিক্ষক নিবন্ধন পরীক্ষার প্রত্যয়নপত্র যাচাই এর লক্ষ্যে NTRCA Certificate Verificaton System নামের সফ্‌টওয়্যার প্রস্তুতের ফলে প্রত্যয়নপত্র যাচাই প্রত্যাশী কর্মকর্তা/প্রতিষ্ঠান/সংস্থাসমূহ নিবন্ধিত প্রার্থীর শিক্ষক নিবন্ধন প্রত্যয়নপত্র খুব সহজেই, নির্ভুলভাবে, দ্রুততার সাথে যাচাই করে স্বয়ংক্রিয়ভাবে যাচাই প্রতিবেদন সংগ্রহ করতে পারবেন। উপরের TVC Analysis বিশ্লেষণ করলে প্রতীয়মান হয় যে, উক্ত সফ্‌টওয়্যার ব্যবহারের ফলে সেবা প্রদানের সময়কাল, সেবার ধাপ এবং কর্মরত জনবলের সংখ্যা হ্রাস পাবে। সঠিকভাবে সেবাগ্রহীতাসহ সকল অংশীজনকে মানসম্মত সেবা প্রদান করা সম্ভব হবে।

০২/৫/২৩

(কাজী কামরুল আহছান)
পরিচালক (শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান)
ও
ইনোভেশন অফিসার
এনটিআরসিএ, ঢাকা।
ফোন: ০২-৪১০৩০১২১